# নূহ | Nuh | نُوح

আয়াতঃ ৭১ : ১১

## আরবি মূল আয়াত:

يُّرسِلِ السَّمَآءَ عَلَيكُم مِّدرَارًا ﴿١١﴾

## অনুবাদসমূহ:

‘তিনি তোমাদের উপর মুষলধারে বৃষ্টি বর্ষণ করবেন, — আল-বায়ান

(তোমরা তা করলে) তিনি অজস্র ধারায় তোমাদের উপর বৃষ্টি বর্ষণ করবেন, — তাইসিরুল

তিনি তোমাদের জন্য প্রচুর বৃষ্টিপাত ঘটাবেন। — মুজিবুর রহমান

He will send [rain from] the sky upon you in [continuing] showers — Sahih International

### ১১. তিনি তোমাদের জন্য প্রচুর বৃষ্টিপাত করবেন,

-

তাফসীরে জাকারিয়া

### (১১) তিনি তোমাদের জন্য প্রচুর বৃষ্টিপাত করবেন। [1]

[1] এই আয়াতের কারণে কোন কোন আলেম ইস্তিসক্কার নামাযে সূরা নূহ পাঠ করাকে মুস্তাহাব মনে করেন। বর্ণিত আছে যে, উমার (রাঃ)ও একদা ইস্তিসক্কার নামাযের জন্য মিম্বরে আরোহণ করে কেবলমাত্র ইস্তিগফারের আয়াতগুলি (যাতে এই আয়াতও ছিল) পড়ে মিম্বর হতে নেমে গেলেন এবং বললেন, বৃষ্টির সেই পথসমূহ থেকে বৃষ্টি কামনা করেছি, যা আসমানে রয়েছে এবং যেগুলো হতে বৃষ্টি যমীনে বর্ষিত হয়। (ইবনে কাসীর) হাসান বাসরী (রঃ) এর ব্যাপারে বর্ণিত আছে যে, তাঁর কাছে এসে কেউ অনাবৃষ্টির অভিযোগ জানালে, তিনি তাকে ইস্তিগফার করার কথা শিক্ষা দিতেন। আর একজন তাঁর কাছে দরিদ্রতার অভিযোগ জানালে, তাকেও তিনি এই (ইস্তিগফার করার) কথাই বাতলে দিলেন। অন্য একজন তার বাগান শুকিয়ে যাওয়ার অভিযোগ জানালে, তাকেও তিনি ইস্তিগফার করতে বললেন। এক ব্যক্তি বলল যে, আমার সন্তান হয় না, তাকেও তিনি ইস্তিগফার করতে বললেন। যখন কেউ তাঁকে প্রশ্ন করল যে, আপনি সবাইকে কেবল ইস্তিগফারই করতে কেন বললেন? তখন তিনি এই আয়াতই তেলাঅত করে বললেন, ‘আমি নিজের পক্ষ থেকে এ কথা বলিনি, বরং উল্লিখিত সমস্ত ব্যাপারে এই ব্যবস্থাপত্র মহান আল্লাহই দিয়েছেন।’ (আইসারুত তাফাসীর)

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5430

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন